যুগান্তর

তারিখ 12 JUN 2008
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# বরিশাল বিভাগের ৯টি স্কুল ও ১টি মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতা বন্ধ

বরিশাল ব্যুরো

এসএসসি ও ফাজিল পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হওয়ায় বরিশাল বিভাগের ৯টি স্কুল ও ১টি মাদ্রাসার শিক্ষকদের বেতন-ভাতা বন্ধ করে দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ২০০৭ সালের এসএসসি পরীক্ষায় একজন পরীক্ষার্থীও পাস না করায় বরিশাল বিভাগের ৯টিসহ সারাদেশের ২৭টি স্কুলের বেতন-ভাতা বন্ধ ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। বরিশাল বিভাগের ৯টি স্কুল হচ্ছে— পটুয়াখালীর লোহালিয়া মাধ্যমিক বিদ্যালয়, কলাপাড়া উপজেলার ফরিদগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুরের ভাণ্ডারিয়া জুনিয়র মাধ্যমিক বিদ্যালয়, ভোলার লালমোহন উপজেলার কচুয়াখালী মাধ্যমিক বিদ্যালয়, ডা. আজাহারউদ্দিন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, বোরহানউদ্দিনের সিরাজগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, বরিশাল সদর উপজেলার জিয়াউর রহমান মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠির রাজাপুর উপজেলার উত্তমপুর মাধ্যমিক বিদ্যালয় এবং এসসিএস মাধ্যমিক বিদ্যালয়।

এছাড়া ২০০৬ সালের ফাজিল পরীক্ষায় একজন পরীক্ষার্থীও পাস না করায় বরিশালের ১টিসহ সারাদেশের ১৫টি মাদ্রাসার শিক্ষকদের বেতন বন্ধ ঘোষণা করে শিক্ষা মন্ত্রণালয়। বেতন বন্ধ হওয়া বরিশালের একমাত্র মাদ্রাসাটি হচ্ছে ভোলার বোরহানউদ্দিন উপজেলার মির্জাকালু ফাজিল মাদ্রাসা। বেতন বন্ধ হওয়ার চিঠি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যাংকে প্রেরণ করা হয়েছে।